

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়।
আইন শাখা-১
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০১৩.১৮- ৪৫৮

তারিখ: ২৯ অগ্রহায়ণ, ১৪২৭ ব.
১৪ ডিসেম্বর, ২০২০খ্রি.

বিষয়: cause list-ভুক্ত রিট মামলা/কনটেম্পট মামলাসমূহ বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে টিএমইডিতে তথ্য প্রেরণ।

Cause list- ভুক্ত রিট মামলা/কনটেম্পট মামলাসমূহ বিষয়ে তাঁর অধিক্ষেত্রের নিম্নবর্ণিত রিট মামলা/কনটেম্পট মামলাসমূহ শুনানী/বিচারিক কার্যক্রমের জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে ১৪/১২/২০২০খ্রি. তারিখ (সংযুক্ত তালিকা অনুযায়ী) ধার্য ছিল:

ক্র.নং	রিট পিটিশন/কনটেম্পট নং	কোর্ট	শুনানীর সিরিয়াল নং	ধার্য তারিখ	মামলা সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর	মন্তব্য
০১	৮৮০২/২০১৮	Annex-33	৯৪	১৪/১২/২০২০ খ্রি.	মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	
০২	১৫৭১৮/২০১৭	Annex-3	১০৫	১৪/১২/২০২০ খ্রি.	মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	
০৩	১৫২৪৪/২০১৬	Annex-3	১০৬	১৪/১২/২০২০ খ্রি.	মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	
০৪	৬০৪১/২০১৫	Annex-3	১৬৭	১৪/১২/২০২০ খ্রি.	মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	
০৫	৭২১০/২০১৯	Annex-3	১৭৩	১৪/১২/২০২০ খ্রি.	মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	
০৬	৯৬৯/২০১৯	Annex-3	২১০	১৪/১২/২০২০ খ্রি.	মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	
০৭	১০৩৫৬/২০১৮	Annex-24	২৩	১৪/১২/২০২০ খ্রি.	বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড	
০৮	১৬৭৪/২০১৯	Main-27	৩২৭	১৪/১২/২০২০ খ্রি.	মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	
০৯	১২৬৫০/২০১৯	Annex-35	৪৭৩	১৪/১২/২০২০ খ্রি.	মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	
১০	৩৬১৮/২০১৮	Annex-35	৫০৭	১৪/১২/২০২০ খ্রি.	কারিগরি শিক্ষা অধিদপ্তর	
১১	৪২৯/২০১৬	Annex-35	৫৪৮	১৪/১২/২০২০ খ্রি.	মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	
১২	৪৩১/২০২০	Annex-35	৫৬৩	১৪/১২/২০২০ খ্রি.	মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	
১৩	১২০৫/২০২০	Annex-35	৫৭৬	১৪/১২/২০২০ খ্রি.	মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	

০২। প্রতিদিনের Cause list যাচাই করে তাতে উল্লিখিত রিট মামলা/রিট মামলাসমূহের বিষয়ে (মহোদয়ের দপ্তর/অধিদপ্তর/সংস্থা সংশ্লিষ্ট) সরকারি স্বার্থ নিশ্চিতকরণের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ আবশ্যিক।

০৩। উপরোক্ত মামলার বিষয়ে নিম্নবর্ণিত তথ্য প্রয়োজন।

ক. উপরিউক্ত মামলাগুলোর জবাব (Affidavit in Opposition) মহামান্য আদালতে দাখিল হয়েছে কি-না?

খ. জবাব দাখিল হয়ে থাকলে পূর্বে শুনানী হয়েছে কি-না? শুনানী হয়ে থাকলে শুনানীর ফলাফল কী?

গ. জবাব দাখিল না হয়ে থাকলে এর কারণ কী? এবং কবে নাগাদ জবাব দাখিল হবে?

ঘ. উক্ত মামলায় চূড়ান্ত আদেশ জারি হয়েছে কি-না? উক্ত আদেশ সরকারের অনুকূলে জারি হয়েছে কি-না?

ঙ. চূড়ান্ত আদেশ সরকারের প্রতিকূলে জারি হয়ে থাকলে লিভ টু আপিল পিটিশন দায়ের হয়েছে কি-না? উক্ত আপিল মামলার সর্বশেষ অবস্থাকী?


চ. উক্ত মামলার বিষয়ে বর্তমানে TMED এর করণীয় আছে কিনা? না থাকলে তা টিএমইডি-কে অবহিত করা হয়েছে কিনা?

ছ. পূর্বের নির্দেশনা অনুযায়ী দৈনিক Cause list যাচাই করে সে অনুযায়ী পদক্ষেপ গ্রহণের নিমিত্ত কোন কর্মকর্তা কে Nominate করা হয়েছে কিনা?


জ. উক্ত Nominated কর্মকর্তা দৈনিক Cause list যাচাই করে প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছেন কি-না?

ঝ. সরকার পক্ষে কোন পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তা না থাকলে তা মহামান্য আদালতকে অবহিত করা হয়েছে কি-না?

০৪। উল্লেখ্য মহামান্য হাইকোর্ট বিভাগের Website হতে প্রাপ্ত Cause list অনুযায়ী উপরোক্ত তথ্য চাওয়া হয়েছে। আর্জি না থাকায় মামলার বিষয়ে প্রকৃত তথ্য উদ্ধৃত করা সম্ভব হয়নি।



০৫। এমতাবস্থায় অনুচ্ছেদ-৩ অনুযায়ী চাহিত তথ্য (আর্জি যাচাইক্রমে) আগামী ২৪.১২.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তরকে পত্র প্রেরণ করা যায়। প্রস্তাবমতে পত্র প্রস্তুত করে নথিতে রাখা আছে। সদয় অনুমোদনক্রমে পত্র প্রেরণ করা যায়।


(মো: আ: খালেক মিশ্র)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন:-৪১০৫০১৫৭

প্রাপক: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড এসোসিয়েশন, গাইড হাউজ (৭ম ও ১০তলা), নিউ বেইলী রোড, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ০২/অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। চেয়ারম্যান, এনটিআরসি, ৩৭/৩-এ ইস্কাটন গার্ডেন রোড রমনা, ঢাকা।
- ৬। রেজিস্টার, ইসলামি বিশ্ববিদ্যালয়।
- ৭। পরিচালক, নেকটার, বগুড়া।
- ৮। অধ্যক্ষ, বি.এম.টি.টি.আই, বোর্ড বাজার, গাজীপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। অতিরিক্ত সচিব, (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি/মাস্টার কপি